জগন্নাথ বিশ্ববিদ্যালয়,
ঢাকা-১১০০।

স্মারক নং: জবি/পউ/নিলাম/২২২/২০১৬/০৬২ তারিখ: ০৪/০১/২০২৬ খ্রি.

# নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠান ও আগ্রহী ক্রেতা সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০-এর নিম্ন বর্ণিত Condemn/বাতিলকৃত ০৪(চার)টি গাড়ি অকেজো হিসেবে "যেখানে যে অবস্থায় আছে" সে অবস্থার ভিত্তিতে নির্ধারিত দরপত্রের মাধ্যমে দরপত্রে বর্ণিত শর্তানুযায়ী নিলামে বিক্রয় করা হবে। নিলামে ক্রয়ে ইচ্ছুক আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রম. নং | লট নং | গাড়ীর ধরণ | প্রস্তুতকারকের নাম | তৈরীর সন | পরিদর্শনের স্থান |
|---|---|---|---|---|---|
| ০১ | লট-১ | মাইক্রোবাস , ঢাকা মেট্রো-চ-৫৩-৫৫৯৭ | মিতসুবিসি | ২০১১ | পরিবহন পুল, জবি |
| ০২ | লট-২ | মিনিবাস, ঢাকা মেট্রো-ঝ-১৪-০০৫০ | অশোক লেল্যান্ড | ২০০৬ | পরিবহন পুল, জবি |
| ০৩ | লট-৩ | বড় বাস, ঢাকা মেট্রো-স-১৪-০০৭৩ | ডনফেং ইয়ান ভেহিক্যাল | ২০১০ | পরিবহন পুল, জবি |
| ০৪ | লট-৪ | বড় বাস, ঢাকা মেট্রো-স-১৪-০০৭৪ | ডনফেং ইয়ান ভেহিক্যাল | ২০১০ | পরিবহন পুল, জবি |

নিলাম দরপত্রের লট ভিত্তিক সিডিউল মূল্য (অফেরতযোগ্য) ৫০০.০০ (পাঁচশত) টাকা নগদ পরিশোধ সাপেক্ষে **প্রক্টর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০** বরাবর আবেদনের মাধ্যমে আগামী ০৭-০১-২০২৬ তারিখ হতে ১৮-০১-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে। সিডিউল বিক্রয়ের তারিখ হতে আগামী ১৯-০১-২০২৬ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে দরপত্র সিডিউল জমা প্রদান করা যাবে। ১৯-০১-২০২৬ খ্রি: বেলা ১২:৩০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। উল্লেখ্য যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডারের মাধ্যমে **ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে দরদাতা কর্তৃক তাঁর দাখিলকৃত মূল্যের ২৫% টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার দরপত্রের সহিত জমা দিতে হবে। অকৃতকার্য দরদাতার জামানত ফেরতযোগ্য এবং কৃতকার্য দরদাতার জামানত কার্যাদেশ প্রাপ্তির পর প্রস্তাবিত দরের ভিত্তিতে সমন্বয়যোগ্য/ফেরতযোগ্য। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, নিলামে অংশগ্রহণকারী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান Single lot/All lot-এর জন্য আবেদন করতে পারবেন। **দরদাতার যোগ্যতা:** দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন, টি আই এন সনদপত্র থাকতে হবে তবে, ব্যক্তি শ্রেণির দরদাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র গ্রহণযোগ্য হবে।

(অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক)
প্রক্টর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও
আহ্বায়ক, নিলাম কমিটি